রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১, ২০২০

## ৮ম খণ্ড

### [ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। ]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**যুগ্ম-সচিব (মতামত) এর কার্যালয়**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

**বিজ্ঞপ্তি**

১৯৬৪ সালের নোটারী বিধিমালার বিধি ৫(২) এর শর্ত মোতাবেক বিজ্ঞপ্তি জারি করা যাচ্ছে যে, শরীয়তপুর জেলা আইনজীবী সমিতির সদস্য বিজ্ঞ এ্যাডভোকেট জনাব মোঃ নজরুল ইসলাম, পিতা-মৃত মোঃ মিজানুর রহমান, মাতা-ছালেহা বেগম, গ্রাম-দক্ষিণ চরকুমারিয়া মিজান হাওলাদার কান্দি, থানা-সখিপুর, জেলা-শরীয়তপুর-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী পাবলিক হিসেবে নিয়োগলাভের জন্য আবেদন করেছেন, যা সরকারের বিবেচনাধীন রয়েছে।

এমতাবস্থায়, আবেদনকারীকে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রে নোটারী পাবলিক হিসেবে নিয়োগদানের ক্ষেত্রে যদি কোন ব্যক্তির কোন আপত্তি থাকে, তবে তা এ বিজ্ঞপ্তি প্রকাশের ১৪(চৌদ্দ) দিন মেয়াদের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

**উম্মে কুলসুম**
যুগ্মসচিব (মতামত)
ও
উপযুক্ত কর্তৃপক্ষ।
(২৫—১)

---

**গেজেট নোটিফিকেশন**

**নাম পরিবর্তন – অফিসার**

বিএ-৪২১৩ লেঃ কর্ণেল মোঃ নূরুল আলম, এএসসি এর এ আর (আর ৪৩২) এপেনডিক্স 'জে' অনুযায়ী ১ম শ্রেণির ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম কর্তৃক এ্যাফিডেভিট এর মাধ্যমে বাংলা ও ইংরেজি নাম পরিবর্তন করা হলো। বাংলা ইংরেজি নামের সঠিক বানান নিম্নরূপ হবে :

বাংলা নাম : মোহাম্মদ নূরুল আলম

ইংরেজি নাম : MOHAMMAD NURUL ALAM

স্থান : ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

তারিখ : ০৬ সেপ্টেম্বর ২০২০

**কর্ণেল মোঃ জুলফিকার আলী**
অতিরিক্ত প্রকল্প পরিচালক
ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ
ব্যবস্থাপনা প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট
অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(২৬—১)

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।

**বিজ্ঞপ্তি**

তারিখ : ০১ সেপ্টেম্বর ২০২০/১৭ ভাদ্র ১৪২৭

**নং ২৮.০৭.০০০০.০০৫.৫৫.০০৩.১৮.৩৫২**—খনি ও খনিজ সম্পদ (নিয়ন্ত্রণ ও উন্নয়ন) আইন, ১৯৯২ এবং উক্ত আইনের আলোকে প্রণীত খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ মোতাবেক এভারলাস্ট মিনারেল্স লিমিটেড, বাড়ি-২০, রোড-২৮, ব্লক-ক, বনানী, ঢাকা-১২১৩ এর অনুকূলে গাইবান্ধা জেলার অন্তর্গত গাইবান্ধা সদর ও ফুলছড়ি উপজেলাধীন ব্রহ্মপুত্র-যমুনা নদীর চর এলাকার ৪,০০০ (চার হাজার) হেক্টর ভূমিতে খনিজ বালি অনুসন্ধানের নিমিত্ত ০১-০৯-২০২০ খ্রিঃ/১৭-০৫-১৪২৭ বঙ্গাব্দ তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য অনুসন্ধান লাইসেন্স মঞ্জুর করা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর
প্রতিনিধিত্বকারী

**মোঃ জাফর উল্লাহ**
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)।
(২৭—১)